

কোচিং সেন্টার খোলা রাখায় শিক্ষক কারাগারে

প্রতিনিধি, কলাপাড়া, পটুয়াখালী

২৯ অক্টোবর ২০১৯, ২৩:১৯
আপডেট: ২৯ অক্টোবর ২০১৯, ২৩:২০



জেএসসি ও জেডিসি পরীক্ষার সময় কোচিং বন্ধ রাখার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। তবে এই নির্দেশ অমান্য করে এক শিক্ষক কোচিং সেন্টার খোলা রাখায় ভাগ্যমাণ আদালত তাঁকে এক সঞ্চাহের সাজা দিয়েছেন।

আদালত


ঘটনাটি ঘটেছে পটুয়াখালীর কলাপাড়া উপজেলায়। উপজেলার

নাওভাঙ্গা টেকনিক্যাল অ্যান্ড বি এম কলেজের কারিগরি শাখার

সহকারী শিক্ষক মো. ইউনুস আলীকে এ সাজা দেওয়া হয়েছে।

শিক্ষক ইউনুসকে মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় নীলগঞ্জ ইউনিয়নের পাথিমারা বাজারে নিজ বাড়ি থেকে আটক করা হয়।

উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, জেএসসি ও জেডিসি পরীক্ষা অবাধ, সুর্থু ও নকলমুক্ত পরিবেশে নেওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় নির্দেশনা জারি করে। এ জন্য ২৫ অক্টোবর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখতে বলা হয়। এ নির্দেশনা ২২ অক্টোবর কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাইকিং করে সবাইকে জানান।



কলাপাড়ার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী হাকিম অনুপ দাশ বলেন, ওই শিক্ষক এ নির্দেশনা অমান্য করে নিজ বাড়িতে কোচিং সেন্টার চালাচ্ছিলেন। এ কারণে তাঁকে পুলিশের সহায়তায় আটক করা হয়। পরে দণ্ডবিধি ১৮৬০-এর ১৮৮ ধারা অনুযায়ী তাঁকে এক সঞ্চাহের সাজা দেওয়া হয়।